# ৭নং ঘোড়াধাপ ইউনিয়ন পরিষদের সেপ্টেম্বর/২০২০ইং মাসের মাসিক সভার

## কার্যবিবরনী

সভাপতি ঃ মোঃ দ্বীন আমিন পদবীঃ চেয়ারম্যান

সভার স্থানঃ ইউ পি অফিস সময়ঃ ১১ ঘটিকায় তারিখ ১৫/০৯/২০২০ইং

---

উপস্থিত সদস্য / সদস্যাগনের নাম ও স্বাক্ষর হাজিরা বহি দ্রঃ

আলোচ্য বিষয়ঃ

১। গত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন ।

২। শতভাগ বয়স্ক ও বিধাব ভাতার অললাইন তালিকার মোবাইল নাম্বার সংশোধন করন প্রসংঙ্গে।

৩ ।জন্ম-মৃত্যু নিবন্ধনকরণ প্রসঙ্গে।

৪। আগস্ট/২১ইং মাসের আয়-ব্যায় পর্যালোচনা ও অনুমোদন।

৫ ।আইনশৃংখলা পরিস্থিতি পর্যালোচনা ও মাদক বিরোধী অভিযান জোরদার কার্যক্রমে প্রশাসনকে সহায়তা করা

৬। ৭নং ঘোড়াধাপ ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়ক তহবিল শিরোনামে সোনালী ব্যাংক লিঃ নান্দিনা বাজার শাখা জামালপুর এ যৌথ ব্যাংক হিসাব খোলা প্রসঙ্গে।

০৭। স্থাবর সম্পতি হস্তান্তর করের ১% অর্থ দ্বারা প্রকল্পর কাজ সমাপ্তি করন প্রসংঙ্গে।

০৮ ।২০২১-২০২২ ইং অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) উন্নয়ন সহায়তা বাবদ বরাদ্দকৃত প্রকল্পের প্রকল্প গ্রহন

সভার মন্তব্য

অদ্যকার সভায় উপস্থিত সদস্য/সদস্যাগনের সন্মতি ক্রমে চেয়ারম্যন জ্বনাব মোঃ দ্বীন আমিন সাহেবের সভাপতিত্বে সভার কার্যক্রম শুরু করা হয়।

সভার শুরুতেই ১নং অলোচ্য সূচী মোতাবেক গত সভার কার্যবিবরনী পাঠ করে শুনানো হয়, তাতে কোন প্রকার সংশোধনী না থাকায় সর্ব সন্মতিক্রমে কার্য্য বিবরণী অনুমোদিত হয় ।

অতপর ২নং আলোচ্য সূচীর আলোকে শতভাগ বয়স্ক ও বিধাব ভাতার অললাইন তালিকার মোবাইল নাম্বার সংশোধন প্রসংঙ্গে আলোচনা করা হইল। উক্ত বিষয়ে আলোচনায় জনাব সভাপতি সাহেব সভায় অবহিত করেন যে, বর্তমান সরকারে শতভাগ ভাতাভোগী উপজেলার কার্যক্রমে অত্র ইউনিয়নের বয়স্ক ও বিধাব ভাতার আওতায় বয়স্ক ৮৯৫ জন, বিধাব ও স্বামী পরিত্যক্তা ৪৭৩জন, মোট ১৩৪৬ জনের অগ্রধিকার তালিকা প্রস্তুত করে উপজেলা সমাজ সেবা কার্যালয় জামালপুর সদর-এ জমা প্রদান করা হয়েছে। শতভাগ কার্যক্রমে অললাইন তালিকার মোবাইল নাম্বার ঠিক না থাকার কারণে অসেক ভাতাভোগী টাকা পাচ্ছেনা । উক্ত ভাতাভোগীদের ব্যাক্তিদের নিজ নিজ দায়িত্বে অনলাইনে তালিকার মোবাইল নাম্বার ঠিক করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। নির্দেশনা মোতাবেক উক্ত তালিকার মোবাইল নাম্বার ঠিক করার জন্য সভার মাধ্যমে সদস্যগণকে বিশেষভাবে অনুরোধ করা হইল।

অতপর ৩নং আলোচ্য সূচী মোতাবেক জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ে আলোচনা করা হইল। উক্ত বিষয়ে আলোচনা করিয়া জনাব সভাপতি সাহেব সভায় অবহিত করেন যে, গত ইং তারিখে অনলাইন ভার্চুয়াল সভার সিদ্ধান্ত মোতাবেক জন্ম মৃত্যু নিবন্ধন সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হইয়াছে। উক্ত আলোচনায় শিশু জন্মের ৪৫ দিন ও মৃত্যুবরণ ক্ষেত্রে ৪৫ দিনের মধ্যে নিবন্ধন করন বাধ্যতামূলক করা হয়েছে। সে মোতাবেক ইউনিয়নের স্বাস্থ্য বিভাগের কর্মীদের মাধ্যমে শিশু জন্মের ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধনের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়। উক্ত বিষয়ে সকল সদস্য ও সদস্যাগণকে জনসাধারণকে উদ্ভোদ্ধকরনের জন্য সভার মাধ্যমে অনুরোধ করা হয়।

(চলমান পাতা)

মোঃ দ্বীন আমিন
চেয়ারম্যান
৭নং ঘোড়াধাপ ইউনিয়ন পরিষদ
উপজেলাঃ জামালপুর সদর, জামালপুর।

অতপর অদ্যকার সভায় ৪নং আলোচ্য সূচী মোতাবেক আগস্ট/২১ইং মাসের আয়-ব্যয় পর্যালোচনা ব্যয় বিশ্লেষন ও অনুমোদন বিষয়ে আলোচনা করা হইল। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে আগস্ট/২১ইং মাসের আয়-ব্যয়ের ভাউচার সমূহ পরিক্ষা-নীরিক্ষান্তে সভায় সন্তোষ প্রকাশ করে ব্যয় ও বিল ভাউচার সমূহ অনুমোদননের সিদ্ধান্ত সর্বসম্মতিতে গ্রহন করা হয়।

অতপর অদ্যকার সভায় ৫নং আলোচ্য সূচী মোতাবেক ইউনিয়নের সার্বিক আইন শৃংঙ্খলা পরিস্থিতি পর্যালোচনা ও করনীয় সর্ম্পকে আলোচনা করা হইল । উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনয় সদস্য সদস্যাগন জানান ইউনিয়নের সার্বিক আাইন শৃংঙ্খলা পরিস্থিতি পূর্বের যে কোন সময়ের তুলনায় ভাল রয়েছে। তবে ইদানিং কালে বিভিন্ন এলাকা হইতে রাত্রীকালিন সময়ে গরু-ছাগল চুরির ঘটনা ঘটছে। গরু-ছাগল চুরির ঘটনায় দরিদ্র কৃষক নিঃস্ব হয়ে পড়েছে। এলক্ষে ইউনিয়ন পরিষদে কর্মরত গ্রাম পুলিশগণকে চুরি প্রবন এলাকায় রাত্রিকালীন পাহাড়ার ব্যবস্থা করা হয়। গ্রাম পুলিশগণের সাথে সংশ্লিষ্ট ইউপি সদস্যসহ স্ব-স্ব এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গের সমন্বয়ে কমিটি ঘটনের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।

অতপর, ০৬নং আলোচ্য সূচী মোতাবেক ২০২১/২২ ইং অর্থ বছরের ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়ক তহবিল এর আওতায় ব্যাংক হিসাব খোলার ও পরিচালনা বিষয়ে আলোচনা করা হইল। উক্ত বিষয়ে আলোচনায় জনাব সভাপতি সাহেব সভায় অবহিত করেন যে, ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা ব্যবহার নিদেশিকা এর অনুচ্ছেদ ১৯/১ অনুযায়ী ইউনিয়ন পরিষদের একটি পৃথক ব্যাংক হিসাবে ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা এর অথ জমা হবে। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, একজন মহিলা সদস্য ও ইউপি সচিব এর যৌথ স্বাক্ষরে ব্যাংক হিসাবটি পরিচালিত হবে। উক্ত বিষয়ে উপস্থিত সদস্যগন বিস্তারিত আলোচনা করে জনাব মোঃ দ্বীন আমিন ইউপি চেয়ারম্যান, মোছাঃ আছমা বেগম, সংরক্ষিত ওয়াড নং ০২ ও মোঃ ফয়জুর রহমান, ইউপি সচিব ৭নং ঘোড়াধাপ ইউপি- এ তিন জনের যৌথ স্বাক্ষরে সোনালী ব্যাংক লিঃ, নান্দিনা শাখা, জামালপুরে, ৭নং ঘোড়াধাপ ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়ক তহবিল শিরোনামে চলতি হিসাব খোলার বিষয়ে সবসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। সিদ্ধান্ত মোতাবেক ব্যাংক হিসাব খোলার প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহনের জন্য ইউপি চেয়ারম্যানকে সভার মাধ্যমে অনুরোধ করা হয়।

অতপর ৭নং আলোচ্য সূচীর আলোকে স্থাবর সম্পত্তি হস্তান্তর কর ১% অর্থ দ্বারা প্রকল্পের কাজ সমাপ্তি করণ বিষয়ে আলোচনা করা হইল । উক্ত বিষয়ে জনাব সভাপতি সাহেব সভায় জানান যে,বর্ণিত প্রকল্পের ১,০০,০০০/- টাকা অগ্রিম গ্রহণ করিয়া সমুদয় প্রকল্পের কাজ সমাপ্ত করা হয়েছে। বর্তমানে বিল ভাউচার সমন্বয় অন্তে চুড়ান্ত কিস্তিতে অবশিষ্ট্য ১,০০,০০০/-টাকা উত্তোলন করা প্রয়োজন। উক্ত বিষয়ে সদস্যগণ কাজ সমাপ্ত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করেন এবং চুড়ান্ত বিলের টাকা উত্তোলনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনাব সভাপতি সাহেবকে অনুরুধ করা হয়।

| ক্রঃ নং | প্রকল্পের নাম | বরাদ্দ |
|---|---|---|
| ১. | রাজাপুর মদিনের বাড়ী হইতে নেমর বাড়ি পযন্ত রাস্তা সংস্কার। | ১,০০,০০০/- |
| ২. | রাজাপুর মুনকান্দাআজিজ মাষ্টারের বাড়ি হইতে রশিদ মাষ্টারের বাড়ী পযন্ত রাস্তা সংস্কার। | ১,০০,০০০/- |
| সর্বমোট= | | ২,০০,০০০/- |

অতপর ৮নং আলোচ্য সূচীর আলোকে সভাপতি সাহেব জানান যে, ২০২১-২০২২ ইং অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) উন্নয়ন সহায়তা বাবদ উপজেলা পরিষদ জামালপুর হইতে ২০,০০,০০০/- টাকার বরাদ্দ পাওয়া সম্ভাবনা রয়েছে। সেলক্ষে নীতিমালা মোতাবেক প্রকল্পের কাজ বস্তবায়নের জন্য প্রকল্প ও বাস্তবায়ন কমিটি গঠন করা প্রয়োজন ।

মোঃ দ্বীন আমিন
চেয়ারম্যান
৭নং ঘোড়াধাপ ইউনিয়ন পরিষদ
উপজেলাঃ জামালপুর সদর, জামালপুর।

(চলমান পাতা)

উক্ত প্রস্তাবের উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত প্রকল্প ও বাস্তবায়ন কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হইল।

| ক্রমিক নং | প্রকল্পের নাম | বাস্তবায়ন প্রক্রিয়া | বরাদ্দের পরিমান |
|---|---|---|---|
| | বন্দদারিকাজানী পুইল্লাজানী ব্রীজ হইতে মামুনুর রশিদ এর বাড়ী হইয়া বন্দদারিকাজানী জামে মসজিদ পযন্ত রাস্তা হেরিংবন্ড করণ। | উম্মুক্ত দরপত্রের মাধ্যমে | ২০,০০,০০০/- |
| মোট= | | | ২০,০০,০০০/- |

অতপর অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় জনাব সভাপতি সাহেব উপস্থিত সকলের সু-স্বাস্থ্য ও দীর্ঘাকামনকরে সভার কাজ সমাপ্ত করেন।

সভাপতি

মোঃ দ্বীন আমিন
চেয়ারম্যান
৭নং ঘোড়াধাপ ইউনিয়ন পরিষদ
উপজেলাঃ জামালপুর সদর, জামালপুর।